**নির্বাচন অগ্রাধিকার**
**অতীব জরুরি**

বাংলাদেশ নির্বাচন কমিশন
নির্বাচন কমিশন সচিবালয়

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৮-৪৬৬

তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৫ / ১০ জুলাই ২০১৮

# পরিপত্র-৬

**বিষয়ঃ রাজশাহী সিটি কর্পোরেশন, বরিশাল সিটি কর্পোরেশন এবং সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮ উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ এবং নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্ট নিয়োগ**

উপর্যুক্ত বিষয় ও ৩১ মে ২০১৮ তারিখে জারীকৃত পত্র নং ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৮-৩২৩ এর অনুবৃত্তিক্রমে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, রাজশাহী, বরিশাল ও সিলেট সিটি কর্পোরেশন নির্বাচনে তফসিল ঘোষণার পর ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ করার লক্ষ্যে ইতঃমধ্যে প্যানেল প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্যানেল হতে ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগ চূড়ান্ত করে প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করতে হবে।

০২। **ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগঃ** ভোটগ্রহণ কর্মকর্তা নিয়োগের ক্ষেত্রে ইতঃপূর্বে জারিকৃত পত্র নং-১৭.০০.৬৭০০.০৩৪.৩৭.০১১.১৭-৩৩৬ তারিখঃ ১৮ অক্টোবর ২০১৭ যথাযথভাবে অনুসরণ করতে হবে। তবে কোন বির্তকিত ও দলীয় ব্যক্তি বা কোন বিতর্কিত প্রতিষ্ঠান হতে ভোটগ্রহণ কর্মকর্তা যাতে নিয়োগ দেয়া না হয় সে বিষয়ে লক্ষ্য রাখতে হবে। এছাড়াও প্রিজাইডিং অফিসার পদে দায়িত্ববান এবং শারীরিক ও মানসিকভাবে অধিকতর সামর্থ্যদের প্রাধান্য দিতে হবে। কোনক্রমেই যেন পূর্বাতন ৪র্থ শ্রেণীর কর্মচারী (জাতীয় বেতন স্কেল, ২০১৫ এর গ্রেড ১৭ এর নিচে) বা এ পর্যায়ের কোন কর্মচারীকে ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে নিয়োগ দেয়া না হয় এ বিষয়ে নির্বাচন কমিশন বিশেষ নির্দেশনা দিয়েছেন। তাছাড়া অসাবধানতা বশত: কোন কর্মকর্তা বা কর্মচারীকে একাধিক ভোটকেন্দ্রে ভোটগ্রহণ কর্মকর্তা হিসেবে যেন নিয়োগ না দেয়া হয় সে বিষয়েও নির্দেশনা দেয়া হয়েছে। ভোটগ্রহণ কর্মকর্তাগণের নিয়োগপত্রের একটি নমুন পরিশিষ্ট 'ক' এ সংযুক্ত করা হল।

০৩। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণঃ** প্রিজাইডিং অফিসার, সহকারি প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের দক্ষতার উপর সুষ্ঠু নির্বাচন বিশেষভাবে নির্ভরশীল বিধায় উক্ত কর্মকর্তাগণকে ভোটগ্রহণ অনুষ্ঠানের নিয়মাবলি যথা-অমোচনীয় কালির কলমের ব্যবহার, ভোটদানের উদ্দেশ্যে ব্যালট পেপার প্রদানের পূর্বে করণীয় দায়িত্বাবলী, স্বচ্ছ ব্যালট বাক্সের ব্যবহার, ব্যালট পেপার সরবরাহ, ভোটগ্রহণ পরিচালনা, ভোটগণনা, ফলাফল ঘোষণা, নির্বাচন পর্যবেক্ষক ব্যবস্থাপনা, নির্বাচনি কাগজপত্রাদি ব্যবস্থাপনা, নির্বাচন বিধিমালা ও ভোটকেন্দ্র ব্যবস্থাপনা ইত্যাদি সম্পর্কিত বিষয়ে স্বল্প মেয়াদী প্রশিক্ষণ কোর্সের ব্যবস্থা গ্রহণ করা হবে। এ ব্যাপারে সহকারি রিটার্নিং অফিসারগণ এবং রিটার্নিং অফিসারগণ সক্রিয়ভাবে সহায়তা করবেন।

০৪। **ভোটগ্রহণ কর্মকর্তাদের প্রশিক্ষণ নির্দেশিকাঃ** ভোটগ্রহণ অনুষ্ঠান পরিচালনার উদ্দেশ্যে ''প্রিজাইডিং অফিসার এবং সহকারি প্রিজাইডিং অফিসারদের জন্য নির্দেশিকা'' সম্বলিত একটি পুস্তিকা প্রস্তুত করা হয়েছে। রিটার্নিং অফিসারগণ উক্ত নির্দেশাবলি সম্বলিত পুস্তিকা সংশ্লিষ্ট ভোটগ্রহণ কর্মকর্তাগণকে সরবরাহ করবেন। উক্ত নির্দেশাবলিসমূহ যথাসময়ে সরবরাহের পর পরই প্রিজাইডিং অফিসার, সহকারি প্রিজাইডিং অফিসার এবং পোলিং অফিসারদের একটি প্রশিক্ষণ কোর্সে যোগদানের জন্য আহবান করা হবে। প্রশিক্ষণ চলাকালীন সময়ে তারা নির্দেশাবলি সঠিকভাবে অনুধাবন করতে পারছেন কিনা তা নানাবিধ প্রশ্নের মাধ্যমে যাচাই করে নিতে হবে। এ প্রশিক্ষণের কাজ ভোটগ্রহণের ৪/৫ দিন পূর্বে অবশ্যই শেষ করতে হবে। নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট এ প্রশিক্ষণের কার্যক্রম পরিচালনা করবেন।

০৫। **নির্বাচনি এজেন্টদের যোগ্যতা ও নিয়োগঃ** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর বিধি ২৪ অনুসারে মেয়র, সংরক্ষিত আসনের কাউন্সিলর এবং সাধারণ আসনের কাউন্সিলর পদে একজন প্রতিদ্বন্দী প্রার্থী হিসেবে নির্বাচনের জন্য যোগ্য কোন ব্যক্তিকে তার নির্বাচনি এজেন্ট হিসেবে নিয়োগ করতে পারবেন। এই বিধির অধীনে কোন প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্বাচনি এজেন্ট নিয়োগ না করলে তিনি নিজেই তাঁর নির্বাচনি এজেন্ট হিসাবে গণ্য হবেন।

অফিসের ঠিকানাঃ
নির্বাচন ভবন, প্লট নং-ই-১৪/জেড, আগারগাঁও, ঢাকা-১২০৭

যোগাযোগঃ
ফোন ঃ +৮৮০-০২-৫৫০০৭৬০০ ফ্যাক্স ঃ +৮৮০-০২-৫৫০০৭৫১৫
ই-মেইলঃ secretary@ecs.gov.bd ওয়েব এড্রেসঃ www.ecs.gov.bd

০৬। **নির্বাচনি এজেন্ট নিয়োগ বাতিলঃ** একজন প্রতিদ্বন্দ্বী প্রার্থী লিখিতভাবে যে কোন সময় নির্বাচনি এজেন্ট নিয়োগ বাতিল করতে পারবেন। নির্বাচনি এজেন্ট বাতিল হলে অথবা নির্বাচনি এজেন্ট মৃত্যুবরণ করলে উক্ত প্রার্থী তার নির্বাচনি এজেন্ট হিসেবে অন্য কোন ব্যক্তিকে নিয়োগদান করতে পারবেন। নির্বাচনি এজেন্ট নিয়োগ ফরম-'জ' অনুসারে রিটার্নিং অফিসারকে লিখিতভাবে অবহিত করতে হবে।

০৭। তাছাড়া নির্বাচন উপলক্ষে পোলিং এজেন্ট নিয়োগ, তাদের দায়িত্বাবলী সম্পর্কিত কতিপয় নির্দেশনা নিম্নে দেয়া হল:

(ক) **পোলিং এজেন্টদের নিয়োগ ও কর্তব্যঃ** স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ২৫(১) বিধি অনুসারে প্রতিদ্বন্দ্বী প্রার্থী অথবা তাঁর নির্বাচনি এজেন্ট ভোটগ্রহণ আরম্ভ হবার পূর্বে প্রত্যেক ভোটকেন্দ্রের প্রতিটি ভোটকক্ষের জন্য সংশ্লিষ্ট নির্বাচনি এলাকার তালিকাভুক্ত ভোটারদের মধ্য হতে একজন করে পোলিং এজেন্ট নিয়োগ করতে পারবেন। উপ-বিধি (২) অনুসারে প্রিজাইডিং অফিসারের নিকট ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে প্রত্যেক প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তার নির্বাচনি এজেন্ট প্রিজাইডিং অফিসারের নিকট সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের জন্য নিয়োগকৃত পোলিং এজেন্টের ০২ (দুই) কপি ছবিসহ নিয়োগপত্র তফসিল-১ এ বর্ণিত ফরম- 'জ-১' এ দাখিল করবেন। পোলিং এজেন্ট নিয়োগ যদি বাতিল হয় কিংবা পোলিং এজেন্ট মৃত্যুবরণ করেন তবে উক্ত প্রতিদ্বন্দ্বী প্রার্থী বা তাঁর নির্বাচনি এজেন্ট অন্য কোন ব্যক্তিকে পোলিং এজেন্ট নিয়োগ করে অনুরূপ নিয়োগদান সম্পর্কে প্রিজাইডিং অফিসারকে লিখিতভাবে অবহিত করবেন। পোলিং এজেন্টগণ ভোটকেন্দ্রে ছবিছাড়া ভোটার তালিকা নিয়ে ভোটকক্ষের নির্ধারিত স্থানে অবস্থান করে ভোটগ্রহণ কার্যাদি অবলোকন করতে পারবেন এবং ভোটারকে সঠিকভাবে সনাক্ত করতে ভোটগ্রহণ কর্মকর্তাদের সহায়তা করবেন। তবে যদি কোন পোলিং এজেন্ট অনুপস্থিত থাকেন বা কোন সময় ভোটকেন্দ্র হতে চলে যান তা হলে ভোটগ্রহণ কার্যক্রম কোন ক্রমেই বন্ধ থাকবে না। সহকারী প্রিজাইডিং অফিসার ফরম 'জ-২' অনুসারে পোলিং এজেন্টের উপস্থিতির রেকর্ড রাখবেন। কোন পোলিং এজেন্ট বিশেষ প্রয়োজনে ভোটকক্ষের বাইরে গেলে এবং আবার প্রবেশ করলে তাও ফরম-জ-২ এ রেকর্ড করবেন।

(খ) **পোলিং এজেন্টগণের পরিচয়পত্র সংক্রান্তঃ** সকল পোলিং এজেন্টগণকে নির্বাচন কমিশন বা রিটার্নিং অফিসার বা প্রিজাইডিং অফিসার কর্তৃক প্রদত্ত স্ব-স্ব ছবি সম্বলিত পরিচয়পত্র বুকে ঝুলিয়ে রাখতে হবে। এছাড়াও পোলিং এজেন্ট হিসেবে তার নিয়োগপত্র ও জাতীয় পরিচয়পত্র সঙ্গে রাখতে হবে।

(গ) **আর্মড ব্যান্ড পরিধান সংক্রান্তঃ** পোলিং এজেন্টগণ তাঁদের হাতে কাপড়ের তৈরি আর্মড ব্যান্ড পরিধান করবেন। সেক্ষেত্রে মেয়র পদের জন্য সাদা, সংরক্ষিত আসনের কাউন্সিলর পদের জন্য গোলাপী এবং সাধারণ আসনের কাউন্সিলর পদের জন্য সবুজ রঙের কাপড় দ্বারা তৈরি আর্মড ব্যান্ড হাতের বাজুতে পরিধান করতে হবে।

(ঘ) **পোলিং এজেন্ট ভোটকেন্দ্র/ভোটকক্ষে ঘুরাফিরা না করা বা বাইরে না যাওয়াঃ** পোলিং এজেন্টগণ তাঁদের জন্য নির্ধারিত স্থানে উপবিষ্ট থেকে ভোটগ্রহণ কার্যক্রম পর্যবেক্ষণ করবেন। তারা কোনভাবেই গোপনীয় কক্ষে যেতে পারবে না। এমনকি ভোটগ্রহণ চলাকালে ঘন ঘন বাইরেও যেতে পারবেন না। প্রাকৃতিক ডাকে সাড়া দেয়ার প্রয়োজন হলে নিকটস্থ টয়লেটেই তা সেরে দ্রুত নির্ধারিত স্থানে উপবিষ্ট থাকতে হবে। পথিমধ্যে কারও সাথে আলাপ আলোচনা করতে পারবে না। খাবারের প্রয়োজন হলে সকাল বেলা আসন গ্রহণের প্রাক্কালেই খাবার নিয়ে আসতে হবে। খাবারের জন্য বা খাবারের অজুহাতে কক্ষের বাহিরে যেতে পারবে না। বিষয়টি আপনি পূর্বেই প্রার্থী, তার নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টগণকে জানিয়ে দিবেন। ভোটগ্রহণ শেষ হওয়ার পূর্বের ১ ঘণ্টা হতে ভোটগ্রহণ শেষ না হওয়া পর্যন্ত কোন পোলিং এজেন্ট ভোটকেন্দ্রের বাইরে যেতে পারবেন না।

(ঙ) **ভোটকেন্দ্রে মোবাইল ব্যবহার সংক্রান্ত বিধি-নিষেধঃ** কোন পোলিং এজেন্ট বা নির্বাচনি এজেন্ট ভোটকক্ষে কোন মোবাইল ফোন ব্যবহার করতে পারবেন না। প্রিজাইডিং অফিসার এর নিশ্চয়তা বিধান করবেন।

(চ) **অভিযোগ দায়েরঃ** যদি কোন পোলিং এজেন্টকে ভোটকেন্দ্র প্রবেশ করতে বাধা প্রদান করা হয় বা প্রবেশ করতে না দেওয়া হয় বা জোরপূর্বক ভোটকেন্দ্র হতে বের করে দেওয়া হয় তাহলে উক্ত পোলিং এজেন্ট এ বিষয়ে সংশ্লিষ্ট ভোটকেন্দ্রের দায়িত্বরত প্রিজাইডিং অফিসার বা ম্যাজিস্ট্রেট বা পুলিশ সদস্যের নিকট লিখিত অভিযোগ দাখিল করতে পারবেন।

(ছ) **পোলিং এজেন্টগণের প্রশিক্ষণঃ** প্রতিদ্বন্দ্বী প্রার্থী নির্ধারিত হওয়ার পর প্রত্যেক মেয়র এবং কাউন্সিলর পদের প্রার্থীদের

মনোনীত পোলিং এজেন্টগণকে স্থানীয়ভাবে নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট-এর আয়োজনে প্রশিক্ষণ প্রদান করা হবে। প্রশিক্ষণ প্রাপ্ত পোলিং এজেন্টগণ পরবর্তীতে প্রার্থীর নিজস্ব ব্যবস্থাপনায় উক্ত প্রার্থীর অন্যান্য সকল পোলিং এজেন্টদের প্রশিক্ষণ প্রদান করবেন। তবে একজন প্রতিদ্বন্দ্বী প্রার্থী কতজন পোলিং এজেন্টকে প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবেন তা পরবর্তীতে জানিয়ে দেয়া হবে।

(জ) **নির্বাচনি এজেন্ট ও পোলিং এজেন্টগণের নিয়োগ, দায়িত্ব ও কর্তব্য ইত্যাদি অবহিতকরণঃ** নির্বাচনি এজেন্টদের তালিকা আপনার নিকট দাখিল করার জন্য সংশ্লিষ্ট সকল প্রার্থীকে অনুরোধ জানাবেন। পোলিং এজেন্টের তালিকা ভোটগ্রহণ শুরু হওয়ার পূর্বে ফরম-জ এ নিয়োগদান পূর্বক প্রিজাইডিং অফিসারের নিকট দাখিল করার জন্য আপনি সংশ্লিষ্ট সকল প্রার্থীকে লিখিতভাবে অনুরোধ জানাবেন। নির্বাচনি এজেন্ট এবং পোলিং এজেন্ট নিয়োগ, তাদের দায়িত্ব ও কর্তব্য সংশ্লিষ্ট সকল প্রার্থীকে অবহিত করবেন। সংশ্লিষ্ট প্রার্থী, প্রার্থীর নির্বাচনি এজেন্ট এবং পোলিং এজেন্টগণকে উক্ত নির্দেশসমূহ প্রতিপালনের জন্যও অনুরোধ করবেন।

০৮। এই পরিপত্রের প্রাপ্তি স্বীকারের জন্য অনুরোধ করা হলো।

১০/৭/২০১৮

(ফরহাদ আহাম্মদ খান)
যুগ্মসচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন পরিচালনা-২
ফোন: ৫৫০০৭৫২৫ (অফিস)
০১৭১৫০০০৭৪৯ (মোবাইল)
E-mail: forhadakecs2015@gmail.com

প্রাপক : ১) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, রাজশাহী অঞ্চল, রাজশাহী
ও
রিটার্নিং অফিসার, রাজশাহী সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, সিলেট অঞ্চল, সিলেট
ও
রিটার্নিং অফিসার, সিলেট সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

২) আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, বরিশাল অঞ্চল, বরিশাল
ও
রিটার্নিং অফিসার, বরিশাল সিটি কর্পোরেশন নির্বাচন, ২০১৮

নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০০৯.১৮-৪৬৬ তারিখঃ ২৬ আষাঢ় ১৪২৫ / ১০ জুলাই ২০১৮

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়/মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়/ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৩. মহাপুলিশ পরিদর্শক, বাংলাদেশ, পুলিশ হেডকোয়ার্টার্স, ঢাকা
৪. সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় / জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/ সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়/তথ্য মন্ত্রণালয়/অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়/ নৌ-পরিবহণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৫. সচিব, জনবিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৬. অতিরিক্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৭. মহাপরিচালক, বিজিবি/কোস্টগার্ড/আনসার ও ভিডিপি/ র‍্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‍্যাব), ঢাকা
৮. মহাপরিচালক, জাতীয় পরিচয় নিবন্ধন অনুবিভাগ, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
৯. বিভাগীয় কমিশনার, রাজশাহী/সিলেট/বরিশাল বিভাগ ও আপিল কর্তৃপক্ষ

১০. উপ মহাপুলিশ পরিদর্শক, রাজশাহী/সিলেট/বরিশাল রেঞ্জ
১১. পুলিশ কমিশনার, রাজশাহী/সিলেট/বরিশাল মেট্রোপলিটন পুলিশ
১২. যুগ্মসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৩. মহাপরিচালক, নির্বাচনি প্রশিক্ষণ ইনস্টিটিউট, ঢাকা
১৪. সিস্টেম ম্যানেজার, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [নির্বাচন কমিশন সচিবালয়ের ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ]
১৫. পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা [উক্ত বিষয়ে একটি সংবাদ বিজ্ঞপ্তি জারি করিবার জন্য অনুরোধ করা হইল]
১৬. জেলা প্রশাসক, রাজশাহী/সিলেট/বরিশাল
১৭. পুলিশ সুপার, রাজশাহী/সিলেট/বরিশাল
১৮. উপসচিব (সকল), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৯. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/জেলা নির্বাচন অফিসার,........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২০. সিনিয়র জেলা নির্বাচন অফিসার/ জেলা নির্বাচন অফিসার, ........................(সংশ্লিষ্ট)
২১. উপজেলা নির্বাহী অফিসার, ......................(সংশ্লিষ্ট)
২২. জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, রাজশাহী/সিলেট/বরিশাল
২৩. মাননীয় প্রধান নির্বাচন কমিশনার- এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (প্রধান নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৪. মাননীয় নির্বাচন কমিশনার জনাব ..............................................................., এর একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (মাননীয় নির্বাচন কমিশনার মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৫. সচিব মহোদয়ের একান্ত সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
২৬. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব ........................(সংশ্লিষ্ট), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
২৭. উপজেলা নির্বাচন কর্মকর্তা/থানা নির্বাচন কর্মকর্তা,........................(সংশ্লিষ্ট) ও সহকারী রিটার্নিং অফিসার
২৮. ভারপ্রাপ্ত কর্মকর্তা........................(সংশ্লিষ্ট) থানা।

(মোঃ ফরহাদ হোসেন)
উপসচিব (চলতি দায়িত্ব)
নির্বাচন ব্যবস্থাপনা ও সমন্বয়-০১ শাখা
ফোন ও ফ্যাক্স: ০২-৫৫০০৭৫৫৮
০১৮১৭৬৭৫১৭৩ (মোবাইল)
E-mail: forhadhossain_ecs@yahoo.com

**পরিশিষ্ট 'ক'**

রিটার্নিং অফিসারের কার্যালয়

সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণ কর্মকর্তার নিয়োগপত্র

সিটি কর্পোরেশনের নামঃ--------------------------------------

ভোটকেন্দ্রের নম্বর ও নামঃ------------------------------------------------------ ভোট কক্ষের (বুথ) সংখ্যা ------------

ভোটার এলাকার নামঃ---------------------------------------------------------- ভোটার সংখ্যাঃ----------------

স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০ এর ৮ বিধিতে প্রদত্ত ক্ষমতাবলে আমি এতদ্দারা বর্ণিত ব্যক্তিগণকে সিটি কর্পোরেশনের ---------- ওয়ার্ডের ------------------------------------------------- ভোটকেন্দ্রের প্রিজাইডিং অফিসার এবং প্রিজাইডিং অফিসারকে ভোটগ্রহণে সহায়তা দানের জন্য সহকারী প্রিজাইডিং অফিসার ও পোলিং অফিসার হিসাবে নিয়োগ করিতেছিঃ

| প্রিজাইডিং অফিসারের নাম ও পদবি | সহকারী প্রিজাইডিং অফিসারের নাম ও পদবি | পোলিং অফিসারের নাম ও পদবি | প্রিজাইডিং অফিসারের অনুপস্থিতিতে প্রিজাইডিং অফিসার হিসাবে প্রিজাইডিং অফিসারের দায়িত্ব পালনের জন্য সহকারী প্রিজাইডিং অফিসারের নাম |
|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ |
| ১। ...................... | ১।............................ | ১। ............................ | ১। .......................... |
| | | ২। ............................ | |
| | ২। ............................ | ১। ............................ | |
| | | ২। ............................ | |
| | ৩। ............................. | ১। ............................ | |
| | | ২। ............................ | |
| | ইত্যাদি | ইত্যাদি | |

তারিখঃ

রিটার্নিং অফিসারের স্বাক্ষর
নাম ও পদবি

✂----------------------------------------------------------------------------------------------------------------

(এই অংশটুকু স্বাক্ষরপূর্বক রিটার্নিং অফিসারকে ফেরত দিতে হইবে)

**ভোটগ্রহণ কর্মকর্তার অংগীকার নামা**

ভোটগ্রহণ কর্মকর্তা হিসাবে নিয়োগ প্রাপ্ত হইয়া আমি--------------------------------------, --------------------------------------
নাম পদবি

অংগীকার করিতেছি যে, আমি আমার উপর অর্পিত দায়িত্ব ও কর্তব্য সর্ব প্রকার দলীয়/গোষ্ঠীয়/ধর্মীয় প্রভাব হইতে মুক্ত থাকিয়া সততা ও ন্যায় নিষ্ঠার সাথে পালন করিব। আমি অবগত আছি যে, দায়িত্ব সম্পাদনে কোন ব্যত্যয়ের জন্য স্থানীয় সরকার (সিটি কর্পোরেশন) নির্বাচন বিধিমালা, ২০১০; নির্বাচন কর্মকর্তা (বিশেষ বিধান) আইন, ১৯৯১ (১৯৯১ সনের ১৩ নং আইন) এবং সংশ্লিষ্ট আইন অনুযায়ী দায়ী থাকিব।

তারিখঃ

প্রিজাইডিং /সহকারী প্রিজাইডিং অফিসার/পোলিং অফিসারের
পূর্ণ নাম ও স্বাক্ষরঃ